

৩০/৬/৬১

তারিখ ২৪/১০/৬১

পৃষ্ঠা...

350

035

শিক্ষা ভবনে অপ্রীতিকর ঘটনা

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল মঙ্গলবার সকাল
পৌনে ১১টায় শিক্ষাভবনে
একটি অপ্রীতিকর ঘটনা ঘটেছে।
একদল উচ্চশ্রেণী ছাত্রের প্রহারে
কারিগরি শিক্ষা পরিচালক জনাব
একে ভূঁইয়া আহত হয়েছেন।
পুর ঢাকা মেডিক্যাল কলেজ
হাসপাতালে প্রাথমিক চিকিৎসার

(শেষ পৃ: ৫-এর ক: ৫:)

অপ্রীতিকর ঘটনা

(১ম পাতার পর)

পর তাঁকে ছেড়ে দেয়া হয়।
ছাত্ররা জনাব ভূঁইয়ার কন্য তছনছ
করেছে। তারা কুমের একটি
টেলিফোন সেট সহ বেশ কিছু
মালামাল ভেঙ্গেছে। ছাত্রেরা
তাদের দাবী দাওয়া আদায়ের জন্য
জনাব একে ভূঁইয়ার সাথে আলো-
চনার জন্য শিক্ষাভবনে এসেছিল।
আলোচনা শুরু হওয়ার কয়েক
মিনিটের মধ্যেই জনাব ভূঁইয়ার
সাথে ছাত্রদের কথা কাটাকাটি
শুরু হয়। তারপরই তারা তাঁকে
প্রহার করেছে এবং মালামাল
ভেঙ্গেছে। স্ববর পেয়ে রমনা থানা
পুলিশ ঘটনাস্থলে পৌছে। কিন্তু
এর আগেই ছাত্ররা পালিয়ে যায়।
এ ব্যাপারে রমনা থানায় একটি
মানলা দায়ের করা হয়েছে।
এখনো কেউ গ্রেফতার হয়নি।

নিদা জ্ঞাপন

বাংলাদেশ কারিগরি শিক্ষা
পরিদপ্তর ও পরিদপ্তরস্বত্ব কৰ্ম-
চারী সমিতির সভাপতি জনাব
মো: আবদুর রহীম খান ও
সাধারণ সম্পাদক জনাব মো:
গোলাম মোস্তফা এক যুক্ত বিবৃ-
তিতে উপরোক্ত ঘটনায় ছাত্রদের
সন্ত্রাসমূলক কার্যকলাপের তীব্র
নিন্দা করেছেন।